

## দীনী প্রশোতর

বিভাগ/অধ্যায়ঃ আকিদা'হ ও তাওহীদ রচয়িতা/সঙ্কলকঃ আবদুল হামীদ ফাইযী

যারা কবীরা গুনাহ করে, অর্থাৎ ব্যাভিচার করে, খুন করে, মদ্যপান করে, মিথ্যা কথা বলে ইত্যাদি, তাঁরা কি কাফের? তাঁরা কি চিরকাল দোযখে বাস করবে?

কবিরা গোনাহর গোনাহগার যদি সেই গোনাহর কাজকে হালাল মনে না করে, তাহলে কাফের নয়। গোনাহর ফলে অবশ্যই ঈমানে দুর্বলতা আসবে। তাওহীদ থাকলে ও নিয়মিত নামাজ পড়লে এবং গোনাহ থেকে তওবা না করে মারা গেলে কিয়ামতে সে মহান আল্লাহ্র ইচ্ছাধীন থাকবে। তিনি ইচ্ছা করলে তাওহীদের গুনে তাঁকে ক্ষমা করে বেহেশত দেবেন। নচেৎ গোনাহ অনুযায়ী জাহাল্লামে শাস্তি ভুগিয়ে একদিন না একদিন বেহেশতে দেবেন। মহান আল্লাহ বলেন, "নিশ্চয় আল্লাহ তাঁর সাথে অংশী (শিরক) করার অপরাধ ক্ষমা করেন না। এ ছাড়া অন্যান্য অপরাধ যার জন্য ইচ্ছা ক্ষমা করে দেন। আর যে কেউ আল্লাহ্র সাথে অংশী স্থাপন (শিরক) করে, সে ভীষণভাবে পথভ্রম্ভ হয়। (নিসাঃ১১৬)

লক্ষণীয় যে, অবিবাহিত ব্যভিচারীর শাস্তি ১০০ বেত্রাঘাত ও কারাদণ্ড, মদ্যপায়ীর শাস্তি বেত্রাঘাত, চোরের শাস্তি হাত কাটা ইত্যাদি। তাঁরা কাফের হয়ে গেলে তাদেরকে হত্যা করা হতো। যেহেতু মুসলিম কাফের হয়ে গেলে তাঁর শাস্তি হল হত্যা। ৪১

## ফুটনোট

৪১ (বুখারী ৩০১৭ নং)

• Source — https://www.hadithbd.com/books/link/?id=39

🗕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন